গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.২২.০০১.১৫.১০২৫ তারিখ: ০৭.১০.২০১৮ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪৪০ হিজরি (২০১৮-২০১৯ খ্রি.) সনের হজ কার্যক্রমে অংশগ্রহণে আগ্রহী বৈধ হজ এজেন্সীর তালিকা প্রণয়নের লক্ষ্যে ইতোমধ্যে নবায়নের মেয়াদ উত্তীর্ণ হয়েছে অথবা ৩১ ডিসেম্বর, ২০১৮ তারিখের মধ্যে যে সকল হজ এজেন্সীর লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হবে সে সকল এজেন্সীকে আগামী ৩১.১০.২০১৮ খ্রি. তারিখের মধ্যে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় {দৃ: আ: উপসচিব (হজ)} বরাবর এজেন্সীর প্যাডে নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো:

১। ১৪৪০ হিজরি সনে হজ কার্যক্রম পরিচালনায় আগ্রহী হজ এজেন্সিকে বৈধ এজেন্সির তালিকা প্রকাশের ক্ষেত্রে নিম্নরূপ কাগজপত্রসহ আবেদন করতে হবে:

(ক) হজ এজেন্সিসমূহকে নিজস্ব প্যাডে আবেদন;
(খ) হালনাগাদ ট্রাভেল এজেন্সির লাইসেন্সের সত্যায়িত ফটোকপি;
(গ) ২০১৭-২০১৮/২০১৮-২০১৯ অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি;
(ঘ) ২০১৭-২০১৮/ ২০১৮-২০১৯ অর্থ বছরের হালনাগাদ/পরিশোধিত আয়কর সনদের সত্যায়িত ফটোকপি;
(ঙ) চলমান হজ লাইসেন্সের ফটোকপি;
(চ) বিগত সময়ে শাস্তি প্রাপ্ত হলে সে সংক্রান্ত তথ্য (সর্বশেষ/বর্তমান অবস্থাসহ);
(ছ) হজ সিস্টেম হতে ফরম-২৫ যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে;

২। যে সকল হজ এজেন্সির লাইসেন্সের মেয়াদ আগামী ৩১.১২.২০১৮ খ্রি. তারিখ উত্তীর্ণ হবে সে সকল হজ এজেন্সিকে নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদন দাখিল করতে হবে:

(ক) নিজস্ব প্যাডে লাইসেন্স নবায়নের জন্য আবেদন;
(খ) হালনাগাদ ট্রাভেল এজেন্সির লাইসেন্সের সত্যায়িত ফটোকপি;
(গ) ২০১৭-২০১৮/২০১৮-২০১৯ অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি;
(ঘ) ২০১৭-২০১৮/ ২০১৮-২০১৯ অর্থ বছরের হালনাগাদ পরিশোধিত আয়কর সনদের সত্যায়িত ফটোকপি;
(ঙ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তির ফটোকপি (অফিস স্থান নিজস্ব হলে দলিলের সত্যায়িত ফটোকপি) ;
(চ) বিগত ০৩ (তিন) বছরের হজ কার্যক্রমের তথ্য সংবলিত প্রতিবেদন;
(ছ) বিগত সময়ে শাস্তি প্রাপ্ত হলে সে সংক্রান্ত তথ্য (সর্বশেষ/বর্তমান অবস্থাসহ);
(জ) এজেন্সির বছর প্রতি নবায়ন ফি বাবদ ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা করে পরবর্তী ০৩ (তিন) বছরের (অর্থাৎ ৩১/১২/২০২১ খ্রি. পর্যন্ত) জন্য ২৫,০০০×৩=৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা, ১-৩৫০১-০০০১-১৮৫৪ কোডে এবং ১৫% হারে ভ্যাট বাবদ (৭৫,০০০×১৫%)=১১,২৫০ /- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা এবং ১-১১৩৩-০০১০-০৩১১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক জমাকৃত চালানের মূল কপি এ মন্ত্রণালয় দাখিল করা;
(ঝ) ২০১২-২০১৫ সময়ে যে সকল হজ এজেন্সি লাইসেন্স প্রাপ্ত হয়েছে অথবা ঐ সময়ে সর্বশেষ নবায়ন করা হয়েছে; কিন্তু বছর প্রতি লাইসেন্স ফি/নবায়ন ফির উপর পৃথকভাবে ১৫% হারে ভ্যাট প্রদান করা হয়নি, সে সকল নিয়োগকৃত/নবায়নকৃত এজেন্সিসমূহকে ৬০,০০০/- (ষাট হাজার) টাকার উপর ১৫% হারে ভ্যাট বাবদ ৯০০০/- (নয় হাজার) টাকা ১-১১৩৩-০০১০-০৩১১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানপূর্বক জমাকৃত চালানের মূলকপি এ মন্ত্রণালে দাখিল করা;
(ঞ) ঠিকানা পরিবর্তন করা হলে (প্রযোজ্যক্ষেত্রে) তার অনুমোদনের কপি;
(ট) জামানত হিসেবে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর লিয়েনকৃত ২০.০০ (বিশ) লক্ষ টাকার এফ.ডি.আর. সচল/কার্যকর থাকতে হবে অথবা বিদ্যমান জামানত ১০.০০ (দশ) লক্ষ টাকা হলে আরো ১০.০০ (দশ) টাকার FDR দাখিল করতে হবে;
(ঠ) এজেন্সির নামে জামানত বাবদ ইতোপূর্বে দাখিলকৃত এফডিআর (সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে লিয়েনমার্ককৃত) এর মেয়াদ (Validity) বর্তমান সময় পর্যন্ত বলবৎ/সচল আছে, সে বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র।

(ড) চলমান হজ লাইসেন্সের মূল কপি;

(ঢ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় হতে কোন কারণে ট্রাভেল এজেন্সির লাইসেন্স বাতিল করা হলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ত উক্ত হজ এজেন্সির হজ লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে;

(ণ) হজ সিস্টেম হতে ফরম-২৫ যথাযথভাবে পূরণপূর্বক তার প্রিন্ট কপি।

সংযুক্তি: বর্ণনামতে সংযুক্ত ছক {০১ (এক) পাতা}।

০৭/১০/১৮
এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)
ফোন: ৯৫৮৪৩২২
ফ্যাক্স: ৯৫১১১১৬
e-mail:morahajsection@gmail.com

মালিক/সত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার
....(হজ এজেন্সি)।

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.২২.০০১.১৫. তারিখ: ০৭.১০.২০১৮ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা (সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. যুগ্মসচিব (হজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সীকে অবহিতকরণের অনুরোধসহ)।
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. অফিস কপি।

এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)

"ছক"

হজ এজেন্সির হালনাগাদ তথ্য:

১.	হজ লাইসেন্স নং	:	
২.	প্রতিষ্ঠানের নাম (বাংলা ও ইংরেজিতে)	:	
৩.	প্রতিষ্ঠানের ঠিকানা (বাংলা ও ইংরেজিতে)	:	
৪.	ঠিকানা পরিবর্তন করা হয়েছে কি-না (হলে তার অনুমোদনের কপি পৃথক পৃথক ভাবে সংযুক্ত করতে হবে)	:	
৫.	সত্ত্বাধিকারী/মালিকানার জাতীয় পরিচয়পত্রসহ তালিকা (নাম, ঠিকানা ও পদবীসহ)	:	
		:	
৬.	পরিচালনাকারীর নাম ও জাতীয় পরিচয় পত্র নম্বর (একক মালিকানাধীন না হলে পরিচালনাকারীর ক্ষমতা প্রাপ্তির বিষয়ে যৌথ মালিকদের সম্মতিপত্র/কার্যবিবরণী সংযুক্ত করতে হবে)	:	
৭.	অফিসের আয়তন (বর্গফুট/বর্গমিটার)	:	
৮.	হালনাগাদ কাগজপত্র (আবেদিত বছর পর্যন্ত হালনাগাদ থাকতে হবে)	:	
			ট্রেড লাইসেন্স — সংযুক্ত করতে হবে
			আয়কর সনদ — সংযুক্ত করতে হবে
			সিভিল এভিয়েশন সনদ — সংযুক্ত করতে হবে
			অফিস ভাড়া চুক্তিপত্র অথবা মালিকানা দলিল — সংযুক্ত করতে হবে
৯.	এজেন্সি অফিসের কর্মকর্তার তালিকা সংযুক্ত করতে হবে (জাতীয় পরিচয়পত্র নম্বরসহ) (যিনি দাপ্তরিক কাজ করেন তার নাম, ঠিকানা ও পদবী ইত্যাদি)	:	
১০.	যোগাযোগ তথ্য (ফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল ওয়েবসাইট)	:	
১১.	জামানতের বিবরণ (এফ.ডি.আর. নং, ব্যাংক ও শাখার নাম, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে)	:	
১২.	বিগত ০৩ (তিন) বছরে হজযাত্রীর পরিসংখ্যান:		

বছর	পুরুষ	মহিলা	মোট	হজযাত্রী ফেরত এসেছেন	হজ যাত্রী ফেরত আসেনি	মন্তব্য

১৩.	এজেন্সির লাইসেন্সের বিরুদ্ধে কোন মামলা আছে কি না (হ্যাঁ / না)	:	
১৪.	মামলা চলমান থাকলে উহার নম্বর ও সন	:	

সত্ত্বাধিকারী/পরিচালনাকারীর স্বাক্ষর
(সীলসহ)

বি:দ্র: একটি আবেদনে কোন ডকুমেন্টস একাধিকবার উল্লেখ থাকলে একটি কপি সংযুক্ত করলেই চলবে। তবে নবায়নের ক্ষেত্রে ও তালিকায় নাম প্রকাশের ক্ষেত্রে পৃথক পৃথক আবেদন করতে হবে এবং সে অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করতে হবে।